রাবির ভর্তি পরীক্ষার প্রাথমিক আবেদন শুরু ৭ মার্চ

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) ২০২১-২২ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষার প্রাথমিক আবেদন ৭ মার্চ শুরু হবে। আবেদন প্রক্রিয়া চলবে ১৮ মার্চ পর্যন্ত। ভর্তিচ্ছু শিক্ষার্থীদের প্রাথমিকভাবে ৫৫ টাকা ফি দিয়ে আবেদন করতে হবে। চূড়ান্ত আবেদন ২৩ মার্চ শুরু হয়ে ৩১ মার্চ পর্যন্ত চলবে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম আব্দুস সোবহানের সভাপতিত্বে মঙ্গলবার সকালে ভর্তি পরীক্ষা কমিটির সভায় এ সিদ্ধান্ত হয়।

বিষয়টি নিশ্চিত করে জনসংযোগ দপ্তরের প্রশাসক আজিজুর রহমান জানান, এবার শুধুমাত্র ২০২০ সালে এইচএসসি পরীক্ষায় পাশ করা শিক্ষার্থীরা ভর্তি পরীক্ষায় অংশ নিতে পারবে। মানবিক (এ), বাণিজ্য (বি) ও বিজ্ঞান (সি) তিনটি ইউনিটে পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রতিটি ইউনিটে ৪৫ হাজার করে মোট ১ লাখ ৩৫ হাজার ভর্তিচ্ছু শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেওয়ার সুযোগ পাবে। তিন ইউনিটে মোট নয়টি শিফটে পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রতি শিফটে ১৫ হাজার শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেবে। এ শিক্ষাবর্ষে ‘এমসিকিউ’ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১০০ নম্বরের পরীক্ষায় ৮০টি বহুনির্বাচনি প্রশ্ন থাকবে। প্রতি প্রশ্নের মান হবে ১.২৫ নম্বর এবং পাঁচটি ভুল উত্তরের জন্য এক নম্বর করে কাটা হবে।

আজিজুর রহমান জানান, করোনা পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে সশরীরে ভর্তি পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রাথমিক আবেদনে এইচএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নির্বাচিত শিক্ষার্থীরা চূড়ান্ত আবেদন করতে পারবে। চূড়ান্ত আবেদনের জন্য ফি নির্ধারণ করা হয়েছে ১ হাজার ১০০ টাকা (চার্জসহ)।

তিনি আরও জানান, ‘এ’ ইউনিটের অধীনে কলা অনুষদ, আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, চারুকলা এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের পরীক্ষা হবে। ‘বি’ ইউনিটের অধীনে ব্যবসায় শিক্ষা অনুষদ ও ব্যবসায় প্রশাসন অনুষদ এবং ‘সি’ ইউনিটে বিজ্ঞান, জীব ও ভূবিজ্ঞান, কৃষি, প্রকৌশল, ফিশারিজ ও ভেটেরিনারি অনুষদের

পরীক্ষা অনুষ্ঠিত হবে। ‘এ’ ইউনিটে আবেদনের জন্য এসএসসি ও এইচএসসি পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০ করে মোট জিপিএ ৭.০ থাকতে হবে। ‘বি’ ইউনিটে ন্যূনতম জিপিএ ৩.৫০ করে মোট জিপিএ ৭.৫০ থাকতে হবে এবং ‘সি’ ইউনিটে ন্যূনতম জিপিএ ৩.৫০ করে মোট জিপিএ ৮.০ থাকতে হবে। এ ছাড়া ভর্তি পরীক্ষার চূড়ান্ত তারিখ নিয়ে কোনো সিদ্ধান্ত হয়নি। এ বিষয়ে ভর্তি পরীক্ষা উপ-কমিটি সিদ্ধান্ত নেবে বলে জানান জনসংযোগ দপ্তরের প্রশাসক।

ঢাকায় আসছেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী

আগামী ৪ মার্চ ঢাকায় আসছেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শংকর। তার দুই দিনের এই সফরে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বাংলাদেশ সফরের বিষয়াবলি চূড়ান্ত করা হবে।

এ বিষয়ে পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেনের সঙ্গে জয়শংকরের দ্বিপক্ষীয় বৈঠকের তারিখ ঠিক করার জন্য দুপক্ষ আলোচনাও চলছে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক কর্মকর্তা যুগান্তরকে এ তথ্য জানান।

জানা গেছে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে ২৬ মার্চ অনুষ্ঠানে অংশ নেবেন নরেন্দ্র মোদি। পরের দিন প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তার দ্বিপক্ষীয় বৈঠক অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। নরেন্দ্র মোদির সফরের সময়ে আলোচ্যসূচি ও যেসব সম্ভাব্য চুক্তি হতে পারে তা নিয়ে দুই পররাষ্ট্রমন্ত্রী আলোচনা করবেন। পররাষ্ট্রমন্ত্রী হিসেবে এটি জয়শংকরের দ্বিতীয় ঢাকা সফর।

এর আগে ২০১৯ সালে পররাষ্ট্রমন্ত্রী হওয়ার পরে তিনি ঢাকায় এসেছিলেন। গত মাসে পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেনের দিল্লি সফরের সময়ে জয়শংকরের ঢাকা সফরের বিষয়টি আলোচিত হয়। ওই সময়ে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে জানানো হয়, ভারতে সংসদের বাজেট অধিবেশন চলছে এবং সেটির বিরতির সময়ে তিনি ঢাকা সফর করবেন।

ডেকে নিয়ে গৃহবধূকে ধর্ষণচেষ্টা, আ.লীগ নেতাকে গণধোলাই

ভালো উকিল দিয়ে জমির মামলায় জিতিয়ে দেওয়ার আশ্বাসে ডেকে নিয়ে চুয়াডাঙ্গায় এক নারীকে ধর্ষণচেষ্টার অভিযোগ উঠেছে আওয়ামী লীগ নেতা মোমিনুল হক মোমিন মাস্টারের বিরুদ্ধে। এ ঘটনায় ওই আওয়ামী লীগ নেতাকে আটক করে গণধোলাই দিয়ে পুলিশে সোপর্দ করেছে স্থানীয়রা।

শনিবার রাত ৮টার দিকে উপজেলার ভগিরথপুর গ্রামের একটি ফাঁকা বাড়িতে এ ঘটনা ঘটে। ঘটনাস্থল থেকে পুলিশ কনডম উদ্ধার করেছে।

অভিযুক্ত মোমিনুল হক মোমিন ওরফে মোমিন মাস্টার দামুড়হুদা উপজেলার নতিপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং নতিপোতা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক। তিনি উপজেলার মসজিদল পাকার ছেলে।

পুলিশ ও এলাকা সূত্রে জানা গেছে, মোমিনুল হক বর্তমানে গ্রাম থেকে ১৫ কিলোমিটার দূরে দামুড়হুদা উপজেলা শহরে বসবাস করেন। শনিবার রাত ৮টার দিকে উপজেলার ভগিরথপুরের আলিহিমের ফাঁকা বাড়িতে এক নারীর চিৎকার চেঁচামেচি শুনে এলাকার লোকজন ছুটে যান। এসময় মোমিন মাস্টারকে গণধোলাই দিয়ে রক্তাক্ত জখম করেন।

এতে তিনি গুরুতর আহত হন। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে পুলিশ। তাকে রক্তাক্ত জখম অবস্থায় উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাথমিক চিকিৎসা দিয়ে থানায় নেওয়া হয়। এ সময় থানায় নেওয়া হয় একই উপজেলার বেড়বাড়ি গ্রামের ওই নারী ও তার স্বামীকে।

ভগিরথপুর গ্রামের মাছ ব্যবসায়ী ইলিয়াছ হোসেন জানান, রাতে মরাগাং বাঁওড় পাহারা দিতে আমি ও অরও হালদার নৌকা নিয়ে যাই। পরে ওই মেয়ের চিৎকার শুনে সেখানে যাই। সেখানে মোমিন মাস্টারকে বিবস্ত্র

অবস্থায় দেখি। তার হাতে একটি জন্মবিরতিকরণ কনডম ছিল।

ওই মেয়ের চিৎকারে তার স্বামীসহ স্থানীয়রা এসে মোমিন মাস্টারকে মারধর করে।

তিনি বলেন, মোমিন মাস্টার ভালো হলে সন্ধ্যায় ফাঁকা বাড়িতে এক নারীকে নিয়ে তিনি কী করছিলেন? তিনি তো দামুড়হুদায় বাসা ভাড়া নিয়ে থাকেন।

বেড়বাড়ি গ্রামের ওই নারী অভিযোগ করে বলেন, আমার চাচাদের সঙ্গে জমি নিয়ে বিরোধ চলে আসছে। মোমিন মাস্টার ভালো উকিল দিয়ে মামলায় আমাদের জিতিয়ে দেবে বলে আশ্বাস দেয়।
উকিল এসেছে বলে সন্ধ্যায় আমি ও আমার স্বামীকে ভগিরথপুর গ্রামের আলিহিমের বাড়ি ডাকে মোমিন মাস্টার। মোমিন মাস্টার আমার স্বামীকে চা খেতে বাইরে যেতে বলে।

পরে ঘরের দরজা আটকে মোমিন মাস্টার আমাকে জোরপূর্বক ধর্ষণচেষ্টা করে। আমি চিৎকার দিলে আমার স্বামী ও স্থানীয়রা এসে আমাকে উদ্ধার করে। আমি তার বিরুদ্ধে থানায় একটি লিখিত অভিযোগ দিয়েছি।

এ বিষয়ে অভিযুক্ত মোমিন মাস্টার জানান, আমাকে পরিকল্পিতভাবে ফাঁসাতে ওই নাটক সাজানো হয়েছে। আমি রাজনীতি করি। আমার প্রতিপক্ষ এ কাজ করেছে। ওই মেয়ের চাচা আমাকে তার কাজ করে দিতে নিষেধ করেছিল। কিন্তু আমি অসহায় ভেবে কাজ করে দিতে চেয়েছিলাম। আমাকে হত্যাচেষ্টার মর্মে আমিও থানায় একটি অভিযোগ দিয়েছি।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার ওসি আবদুল খালেক জানান, উভয়পক্ষই থানায় লিখিত অভিযোগ দিয়েছে। মামলার বিষয়টি প্রক্রিয়াধীন।

সেবামূলক কাজে বেসরকারি খাত আরও উৎসাহিত হবে, আশা

প্রধানমন্ত্রীর

সেবামূলক কাজে দেশের বেসরকারি খাত আরও উৎসাহিত হবে বলে আশা প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

নারায়ণগঞ্জে কুমুদিনী ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস অ্যান্ড ক্যান্সার রিসার্চের ভিত্তি স্থাপন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

রোববার সকালে গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এ অনুষ্ঠানে যুক্ত হন প্রধানমন্ত্রী।

শেখ হাসিনা বলেন, আজকে যে কুমুদিনী ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস অ্যান্ড ক্যান্সার রিসার্চের ভিত্তিপ্রস্তর স্থাপন করতে যাচ্ছি, তা করার ফলে মনে করি আমাদের দেশ স্বাস্থ্যখাতে আরও একধাপ এগিয়ে যাবে এবং বেসরকারি খাত আরও উৎসাহিত হয়ে আসবে, যেন এই ধরনের সেবামূলক কাজ করতে পারে।

তিনি বলেন, আজকে আমি খুব আনন্দিত যে একটা মেডিকেল কলেজ এবং রিসার্চ সেন্টার হচ্ছে, হাসপাতাল হচ্ছে এবং সেটা নারায়ণগঞ্জে। কারণ নারায়ণগঞ্জে হওয়াটা খুবই দরকার, ঢাকার পাশেই নারায়ণগঞ্জ। আসলে নারায়ণগঞ্জে এমনকি বিশ্ববিদ্যালয়ও ছিল না, তেমন কোনো একটা মেডিকেল কলেজ ছিল না। কোনো কিছুই ছিল না।

প্রধানমন্ত্রী আরও বলেন, আমরা প্রতিটি জেলায় সরকারি অথবা বেসরকারি উদ্যোগে বিশ্ববিদ্যালয় করে দিচ্ছি, মেডিকেল কলেজ করে দেওয়ার পদক্ষেপ নিয়েছি, হাসপাতাল করে দিচ্ছি এবং হাসপাতালগুলো যাতে উন্নতমানের হয় সেটারও ব্যবস্থা করে দিয়েছি, ডাক্তার-নার্স নিয়োগ দিয়েছি।

করোনাভাইরাস মহামারি প্রতিরোধে সরকারের নেওয়া বিভিন্ন উদ্যোগের কথা অনুষ্ঠানে তুলে ধরে সবাইকে স্বাস্থ্যবিধি মেনে চলারও আহ্বান জানান প্রধানমন্ত্রী।

এ সময় নারায়ণগঞ্জের কুমুদিনী কমপ্লেক্স প্রান্তে স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক, নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের মেয়র সেলিনা হায়াৎ আইভী, নারায়ণগঞ্জ-৪ আসনের সংসদ সদস্য শামীম ওসমান, নারায়ণগঞ্জ-৫ আসনের সংসদ সদস্য সেলিম ওসমান, কুমুদিনী ওয়েলফেয়ার

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible], [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

---

# [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [

মৃত্যুর হার হ্রাসসহ সার্বিক উন্নয়নে বেতারের ভূমিকা অনবদ্য।

বাংলাদেশ বেতার সরকারের চলমান ব্যাপক উন্নয়ন কর্মকাণ্ড সম্পর্কে মানুষকে অবহিত করণসহ মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত বাংলাদেশ প্রতিষ্ঠায় ও দেশের মানুষের সার্বিক জীবনমান উন্নয়নে অব্যাহতভাবে কাজ করে যাবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি।

জাতীয় প্রেসক্লাবের সামনে বিএনপির কর্মসূচি

বিএনপির প্রতিষ্ঠাতা ও সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ‘বীর উত্তম’ খেতাব বাতিল করার সিদ্ধান্তের প্রতিবাদে রাজধানীর জাতীয় প্রেসক্লাবের সামনে দলের বিক্ষোভ সমাবেশ চলছেছে।

পুলিশের কঠোর নিরাপত্তার মধ্যে আজ শনিবার (১৩ ফেব্রুয়ারি) সকাল ১০টার দিকে রাজধানীর জাতীয় প্রেসক্লাবের সামনে এ সমাবেশ শুরু হয়।

বিএনপি ও অঙ্গ সংগঠনের কয়েক সহস্রাধিক নেতাকর্মী সমাবেশে অংশ নিয়েছে। নেতাকর্মীদের মিছিল ও স্লোগানে পুরো প্রেসক্লাব ও আশপাশের এলাকা উত্তপ্ত হয়ে উঠেছে।

বিএনপির সমাবেশকে কেন্দ্র করে প্রেসক্লাব ও সচিবালয় এলাকা বন্ধ করে দিয়েছে পুলিশ। কর্মসূচিকে কেন্দ্র করে জলকামান ও অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

সাইবার হামলার আশঙ্কা,

নিরাপত্তা ব্যবস্থা জোরদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর

উত্তর কোরিয়ার হ্যাকারদের সাইবার হামলার আশঙ্কাকে সামনে রেখে কয়েক স্তরের নিরাপত্তা ব্যবস্থা গড়ে তুলছে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো। সার্ভার ও ডাটা সেন্টারসহ পর্যবেক্ষণে আনা হয়েছে আইসিটিসংক্রান্ত সব ধরনের কার্যক্রম।

গড়ে তোলা হয়েছে পৃথক মনিটরিং ইউনিট। বাড়ানো হয়েছে বিভিন্ন স্থানে গড়ে উঠা ব্যাংকের বুথগুলোতে নজরদারি।

সরকারি ও বেসরকারি বিভিন্ন ব্যাংকের নেয়া এসব পদক্ষেপের বিষয়টি ইতোমধ্যেই অবহিত করা হয়েছে অর্থ মন্ত্রণালয়কে। সংশ্লিষ্ট সূত্রে পাওয়া গেছে এসব তথ্য।

এর আগে উত্তর কোরিয়ার হ্যাকারদের সাইবার হামলার প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করতে কেন্দ্রীয় ব্যাংককে সতর্ক করে চিঠি দিয়েছে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ। ওই চিঠির আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য বিভিন্ন ব্যাংককে নির্দেশনা দিয়ে চিঠি দিয়েছে কেন্দ্রীয় ব্যাংক।

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের এক ঊর্ধ্বতন কর্মকর্তা জানান, উত্তর কোরিয়ার হ্যাকাররা বাংলাদেশের ব্যাংকগুলোর সাইবার হ্যাক করার চেষ্টা করছে- গোয়েন্দা সংস্থার এমন একটি রিপোর্টের পরিপ্রেক্ষিতে তাৎক্ষণিকভাবে বাংলাদেশ ব্যাংককে সর্তক করে দেয় আর্থিক প্রতিষ্ঠান বিভাগ। বাংলাদেশ ব্যাংকের পক্ষ থেকে রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ও বিশেষায়িত সব সরকারি- বেসরকারি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে সতর্ক করা হয়েছে। তিনি আরও জানান, এরই মধ্যে বিভিন্ন ব্যাংক নিজস্বভাবে সাইবার নিরাপত্তা ব্যবস্থা জোরদার করেছে।

দেশের সব আন্দোলন আনসার-ভিডিপি অংশ নিয়েছে: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ১৯৭১ এর ৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যখন সবাইকে স্বাধীনতা সংগ্রামে ঝাপিয়ে পড়ার আহ্বান জানান, তখন আনসার-ভিডিপির সদস্যরাও মুক্তির সে সংগ্রামে অংশ নেন। শুধু তাই নয়, তারা মুক্তিযোদ্ধাদের প্রশিক্ষণ ও অস্ত্রও দেন। মুক্তিযুদ্ধসহ দেশের সব আন্দোলন-সংগ্রামে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী (ভিডিপি) অংশ নিয়েছে।

বৃহস্পতিবার (১১ ফেব্রুয়ারি) সকাল ১১টায় টাঙ্গাইলের সফিপুরে আনসার-ভিডিপি একাডেমিতে আয়োজিত আনসার-ভিডিপির ৪১তম জাতীয় সম্মেলনে গণভবন থেকে ভিডিও কনফারেন্সে যুক্ত হয়ে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী ‘মুজিববর্ষের উদ্দীপন, আনসার-ভিডিপি আছে সারাক্ষণ’-এ স্লোগানটিকে মূলমন্ত্র হিসেবে গ্রহণ করে বাল্যবিয়ে বন্ধ ও মাদক নির্মূলসহ বিভিন্ন কাজে গুরুত্বপূর্ণ অবদান রাখছে বলেও এসময় উল্লেখ করেন প্রধানমন্ত্রী।

তিনি আরও বলেন, ২০১৪ সালে নির্বাচন ঠেকানোর নামে বিএনপি-জামায়াত যখন আগুন সন্ত্রাস চালিয়ে মানুষ হত্যা করেছিল, রেললাইন তুলে মানুষ হত্যার চেষ্টা করেছিল, সে পরিস্থিতি মোকাবিলায় আনসার-ভিডিপি সদস্যদের মোতায়েন করা হয়। তারা তখন সফলভাবে এ অগ্নিসন্ত্রাস মোকাবিলা করেন।

সূচকের বড় উত্থানে চলছে লেনদেন

কয়েকদিন দর পতনের পর আজ বুধবার সপ্তাহের চতুর্থ কার্যদিবসে দেশের প্রধান শেয়ার বাজার ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) ও অপর শেয়ার বাজার চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে (সিএসই) সূচকের উত্থানের মধ্য

দিয়ে লেনদেন চলছে। ডিএসই ও সিএসই সূত্রে এ তথ্য জানা গেছে।

আজ বুধবার লেনদেন শুরুর এক ঘণ্টা পর অর্থাৎ বেলা ১১টায় ডিএসইর সাধারণ সূচক ডিএসইএক্স আগের দিনের চেয়ে ৩৩ পয়েন্ট বেড়ে ৫ হাজার ৫৩১ পয়েন্টে অবস্থান করে। ডিএসই শরীয়াহ সূচক ১১ পয়েন্ট এবং ডিএসই-৩০ সূচক ২০ পয়েন্ট বেড়ে যথাক্রমে ১২৫০ ও ২১০৬ পয়েন্টে রয়েছে। এ সময়ের মধ্যে লেনদেন হয়েছে ২৩৪ কোটি ২৯ লাখ টাকার শেয়ার ও মিউচ্যুয়াল ফান্ডের ইউনিট।

বুধবার এ সময়ে লেনদেন হওয়া কোম্পানিগুলোর মধ্যে দাম বেড়েছে ১২৯টির, কমেছে ৭৫টির এবং অপরির্বতিত রয়েছে ১০১টি কোম্পানির শেয়ার। বেলা ১১টা পর্যন্ত লেনদেনের শীর্ষে থাকা ১০ কোম্পানি হলো- বেক্সিমকো লিমিটেড, রবি, বেক্সিমকো ফার্মা, লংকাবাংলা, মীর আকতার, বিএটিবিসি, এনার্জিপ্যাক, সামিট পাওয়ার, বিডি ফাইন্যান্স ও লার্ফাজহোলসিম।

এর আগে সকালে লেনদেন শুরুর প্রথম ১০ মিনিটে ডিএসইর সূচক বাড়ে ৩৪ পয়েন্ট। এরপর ১০টা ২০ মিনিটে সূচক আগের অবস্থান থেকে ৯ পয়েন্ট কমে যায়। এরপর সূচকের গতি ঊর্ধ্বমুখী দেখা যায়। সকাল ১০টা ৪৫ মিনিটে সূচক আগের দিনের চেয়ে ৪২ পয়েন্ট বেড়ে ৫ হাজার ৫৪১ পয়েন্টে অবস্থান করে।

অপরদিকে লেনদেন শুরুর এক ঘণ্টা পর বেলা ১১টায় চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের (সিএসই) সিএএসপিআই সূচক ৮৯ পয়েন্ট বেড়ে ১৬ হাজার ৮ পয়েন্টে অবস্থান করে। এরপর সূচকের গতি ঊর্ধ্বমুখী দেখা যায়। এদিন বেলা ১১টা পর্যন্ত সিএসইতে লেনদেন হয়েছে ৯ কোটি ৩৬ লাখ টাকার শেয়ার ও মিউচ্যুয়াল ফান্ডের ইউনিট। এসময়ের ৪৪টি কোম্পানির দাম বেড়েছে, কমেছে ৪২টি কোম্পানির দর। অপরিবর্তিত রয়েছে ১৬টি কোম্পানি শেয়ারের দর।

কুয়েতে এমপি পাপুলের শাস্তি

বাড়ানোর দাবি জানিয়ে আপিল

কুয়েতের আদালতে চার বছরের সাজাপ্রাপ্ত বাংলাদেশের সংসদ সদস্য শহিদ ইসলাম পাপুলসহ দোষীদের শাস্তি বাড়ানোর দাবি জানিয়ে রায়ের বিরুদ্ধে আপিল করেছে রাষ্ট্রপক্ষ। দেশের জাতীয় নিরাপত্তা বিবেচনায় এই উদ্যোগ নেয়া হয়েছে।

দেশটির আরবী দৈনিক “আল-কাবাস” এই খবর প্রকাশ করেছে।

পাপুলের অবৈধ কাজে সহায়তা করায়, ২৮ জানুয়ারি কুয়েতের ফৌজধারী আদালত দেশটির স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপ-সচিবসহ দুই স্থানীয় নাগরিকে চার বছরের কারাদণ্ড ও ৫২ কোটি ৭৭ লাখ ৬৩ হাজার টাকা অর্থ জরিমানা করে।

কুয়েতে পাচারের শিকার পাঁচ বাংলাদেশির অভিযোগের পরিপ্রেক্ষিতে পাপুলের বিরুদ্ধে মানবপাচার, অর্থপাচার ও ব্যবসায়িক প্রতিষ্ঠানের কর্মীদের শোষণের মামলা হয়। এরপর ১৭ দিন তাকে রিমান্ডে নিয়ে জিজ্ঞাসাবাদ করে কুয়েতি প্রসিকিউশন।

কুয়েতের দুই সংসদ সদস্যের সহায়তায় এবং কুয়েতি কর্মকর্তাদের সহায়তায় অনৈতিক কর্মকাণ্ড চালিয়ে যান বলে কুয়েতি গণমাধ্যমে সংবাদ প্রকাশিত হয়।

উল্লেখ্য, এমপি পাপুলকে মানবপাচার, অর্থপাচার ও অবৈধ ঘুষের মামলায় গত ৬ জুন কুয়েতের নিজ বাসা থেকে আটক করা হয়।